




মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ইনোভেশন টিমের
২০২১-২০২২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	ডাঃ মোঃ সারোয়ার বারী পরিচালক মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তারিখ	:	২৭ ডিসেম্বর ২০২১
সময়	:	বেলা ১২.৩০ ঘটিকা
স্থান	:	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সভা কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট- 'ক'

সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট জনাব শংকর ভৌমিক সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী উদ্ভাবন কর্মপরিকল্পনার ১(১.৩)-এ সেবা ডিজিটাইজেশন এবং ১(১.২)-এ একটি সেবা সহজিকরণ নির্ধারিত সময় অর্থাৎ ৩য় কোয়ার্টারের মধ্যে বাস্তবায়িত করতে পারলে কর্মসম্পাদন সূচক পূর্ণনম্বর পাওয়া যাবে। সে মোতাবেক এ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ বার্ষিক স্ব-মূল্যায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে সকলের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থ বছরে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন বাংলাদেশ স্টেশনারী অফিসের ডিজিটাইজকৃত ই-ইনভেনটরি সেবাটি আটটি আঞ্চলিক অফিসে বাস্তবায়নের আদেশ জারির সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরাধীন বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের গৃহীত মোবাইল এ্যাপস সেবাটি নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় 'মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে প্রাপ্ত মুদ্রণ সংক্রান্ত সেবাটি' সহজিকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে সেবা সহজিকরণ প্রসেস ম্যাপ মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়ন সংক্রান্ত উদ্ভাবনে দক্ষতা ও অভিজ্ঞতা এবং জ্ঞানার্জনের জন্য অভ্যন্তরীণ (দেশে) বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫। প্রণীত খসড়ার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়নের উপর সভায় উপস্থিত সদস্যদের মতামত গ্রহণ করা এবং ২০২১-২২ অর্থ বছরের অর্ধ-বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা স্ব-মূল্যায়ন অনুমোদন করার জন্য সুপারিশ করা হয় এবং অনুমোদনের জন্য মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ডাঃ মোঃ সারোয়ার বারী)
পরিচালক
ফোন-৫৫০৩০০২৮
director@dpp.gov.bd